গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।
☏০২-৮৮৭৯২৯৯ ফ্যাক্স নং-০২-৮৮৭৯১৯৯
E-mail : ce@rhd.gov.bd

স্মারক নং-৩৫.০১.০০০০.৩৬৮.০৫.০০২.২০- তারিখঃ

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের
নৈতিকতা কমিটির ২০১৯-২০২০ অর্থ বছরের ৩য় সভার এর কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ রেজাউল করিম
অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
ও সদস্য সচিব, সওজ নৈতিকতা কমিটি।

তারিখ ও সময়ঃ ০৬/০২/২০২০ খ্রিস্টাব্দ
বেলা ১১:৩০ ঘটিকা

স্থানঃ অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং এর অফিস কক্ষ
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং ও সদস্য সচিব, সওজ নৈতিকতা কমিটি ও সভার সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভায় সড়ক ও জনপথ অধিদপ্তরের NIS র্কমপরিকল্পনা ভুক্ত উল্লেখযোগ্য র্কাযক্রমের অগ্রগতি র্পযালোচনা করা হয়। র্কাযক্রম ৭ (ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার) এর ৭.১ অনুযায়ী পিপিএ-২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০১৯-২০ র্অথ বছররে ক্রয়-পরকিল্পনা ওয়বেসাইটে প্রকাশের লক্ষ্যমাত্রা ৩০/০৭/২০১৯ নির্ধারণ করা ছিল। যেহেতু এ বছরে র্অথ মন্ত্রণালয় হতে বাজেট বরাদ্দ বিলম্ব হয়েছে, সেহেতু এ লক্ষ্যমাত্রা সংশোধনের বিষয়টি পুনর্বিবেচনা করার জন্য প্রস্তাব উত্থাপিত হয়। সভায় উপস্থিত সকলে উক্ত লক্ষ্যমাত্রা ৩০/০৭/২০১৯ এর পরিবর্তে ৩১/১২/১৯ তারখি নির্ধারণের পক্ষে সম্মতি জ্ঞাপন করেন। এছাড়াও প্রতি প্রান্তিকের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকার ব্যাপারে আহ্বান জানান। বিশেষ করে নির্ধারিত সময়ে লক্ষ্যমাত্রা র্অজন, যথাসময়ে প্রতিবেদন দাখিল, এডিপি বাস্তবায়ন অগ্রগতি, প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরর্দিশন/ পরিবীক্ষণ, বাস্তবায়নাধীন উল্লেখযোগ্য প্রকল্প সমূহরে Quality Assurance Plan অনুসরণ, মাঠ র্পযায়ের দপ্তরসমূহের সাথে ভডিওি কনফারেন্স আয়োজন, শাখা অফিস পরিদর্শণ, মামলা বষিয়ক র্কমশালা আয়োজনসহ অন্যান্য বিষয়ে সভায় বিশেষ গুরুত্ব আরোপ করা হয়।

সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়।

সিদ্ধান্তসমূহ ঃ

ক্রমিক নং	নাম	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১।	পিপিএ ২০০৬- এর ধারা ১১(২) ও পিপি আর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০১৯-২০ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ	বাজেট প্রাপ্তি বিলম্ব হওয়ায় লক্ষ্যমাত্রা ৩০/০৭/১৯ এর পরিবর্তে ৩১/১২/১৯ নির্ধারণ করা হয়।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, রক্ষণাবেক্ষণ সার্কেল
২।	শাখা/অধিশাখা/অধিনস্থ অফিস পরিদর্শন প্রসঙ্গে	• উক্ত কার্যক্রম বাস্তবায়নকল্পে অত্র উইং এবং এর পক্ষথেকে যে সব শাখা, অধিশাখা/অধিনস্থ অফিস পরিদর্শন করা হয়ে থাকে, সে সব পরিদর্শনের সফরসূচী, প্রতিবেদন ও সুপারিশ বাস্তবায়নের প্রমানক / প্রত্যয়নপত্র যথাসময়ে প্রেরণের নিমিত্তে পত্র প্রেরণ।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং এবং নির্বাহী প্রকৌশলী, সওজ প্রশাসন ও সংস্থাপন
৩।	কেন্দ্রীয় পর্যায়ে দপ্তরের সাথে ভিডিও/অনলাইন/ টেলিকনফারেন্সের আয়োজন প্রসঙ্গে।	• ভিডিও কনফারেন্স আয়োজনের জন্য ফেব্রুয়ারী মাসের শেষ সপ্তাহে ০২টি ও মার্চ মাসে ০১টি সময় স্থির করার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ। • ভিডিও কনফারেন্স ফলপ্রসূ করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং এবং সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সওজ ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল

৪।	প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/পরিবীক্ষণ।	ডিসেম্বর মাসের মধ্যে ০৭টি প্রকল্প পরিদর্শনের ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়। মার্চ মাসের মধ্যে ০৭টি প্রকল্প পরিদর্শন সম্পন্ন করে পরিদর্শন প্রতিবেদন ও প্রতিবেদনে প্রদত্ত সুপারিশ বাস্তবায়নের প্রমানক/প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ মনিটরিং সার্কেল
৫।	বাস্তবায়নাধীন উল্লেখযোগ্য প্রকল্পের Quality Assurance Plan অনুসরণ হচ্ছে কিনা যাচাই করণ।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, মনিটরিং সার্কেলের সাথে সমন্বয় সাধন করে ০৩টি প্রকল্প এলাকা পরিদর্শন করণের সিদ্ধান্ত গ্রহণ।	পরিচালক (তঃপ্রঃ), সওজ বাংলাদেশ সড়ক গবেষণাগার
৬।	সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী শ্রেণি বিন্যাসকরণ প্রসঙ্গে ও নথি বিনষ্টকরণ প্রসঙ্গে।	সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণের ও নথি বিনষ্টকরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা নিশ্চিত করার লক্ষ্যে সংশ্লিষ্ট জোনাল অফিসে পত্র প্রেরণ।	অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
৭।	মামলা ব্যবস্থাপনা কার্যক্রমের উপর প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন	নির্ধারিত সময়ের মধ্যে ১৭ জন মাঠ পর্যায়ের কর্মকর্তাদের মামলা ব্যবস্থাপনা কার্যক্রমের উপর প্রশিক্ষণ/কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	এস্টেট এন্ড ল' অফিসার প্রধান কার্যালয় সড়ক ও জনপথ অধিদপ্তর

১৫/২/২০২০

(মোঃ রেজাউল করিম)
পরিচিতি নং-০০০৪৫২
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ), সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
ও
সভাপতি, সওজ নৈতিকতা কমিটির সভা।

স্মারক নং-৩৫.০১.০০০০.৩৬৮.০৫.০০২.২০-৬৬ তারিখঃ ১০/০২/২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে পেশ করা হলো ঃ

১। সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, যান্ত্রিক উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, টেকনিক্যাল সার্ভিসেস উইং, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা ও সদস্য, সওজ নৈতিকতা কমিটি।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৬। পরিচালক (তঃপ্রঃ, সওজ), সড়ক গবেষণাগার, পাইকপাড়া, মিরপুর, ঢাকা।
৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, মনিটরিং সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রকিউরমেন্ট সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৯। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সওজ, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। কার্যবিবরণীটি RHD Website-এর জাতীয় শুদ্ধাচার বাতায়নে আপলোড করার জন্য নির্দেশ প্রদান করা হলো।
১০। এস্টেট এন্ড ল' অফিসার, প্রধান কার্যালয়, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১১। নির্বাহী প্রকৌশলী, সওজ, প্রশাসন ও সংস্থাপন, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
১২। নির্বাহী প্রকৌশলী, সওজ, তদন্ত বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

১০/২/২০২০

(মোঃ রেজাউল করিম)
পরিচিতি নং-০০০৪৫২
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ), সওজ
ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
ও
সদস্য সচিব, সওজ নৈতিকতা কমিটি।

১৫/২/২০২০